



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)



## প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের উদ্ভাবন সম্পর্কিত সভার কার্যবিবরণী-২

সভাপতি : মোঃ মিজানুর রহমান, পরিচালক (প্রশাসন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

তারিখ : ১৯ জুলাই ২০২০

সময় : দুপুর ০২:০০ টা।

স্থান : পরিচালক (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

আলোচ্য বিষয় :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ;
২. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশনা ২০২০-২১ এর আলোকে ইনোভেশন কর্মপরিকল্পনা পুনর্গঠন ;
৩. বিবিধ।

ইনোভেশন টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে পরিচালক (প্রশাসন) সভার কাজ শুরু করেন। তিনি অদ্যকার সভার আলোচ্য বিষয়াবলী ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করায় জনাব রোখসানা হায়দার, সভার আলোচ্য বিষয়াবলী উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

ক্রমিক	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১.	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।	বিগত সভার কার্যবিবরণী সময় পাঠ করে শোনানো হয়। সভায় গৃহীত সিদ্ধান্তের সমূহে ইনোভেশন কার্যক্রম ফলোআপ করে পরবর্তী ব্যবস্থা গ্রহণে তৎপর থাকার জন্য টীম সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন।	বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়।
২.	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশনা ২০২০-২১ এর আলোকে ইনোভেশন কর্মপরিকল্পনা পুনর্গঠন	২. প্রাথমিক শিক্ষায় ইনোভেশন কার্যক্রমের মাধ্যমে বর্তমানে করোনা পরিস্থিতি কিভাবে মোকাবেলা করা যায় সে সম্পর্কে সভায় আলোচনা করা হয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর জন্য ২০২০-২০২১ গৃহীত কর্মপরিকল্পনাটি বাস্তবায়নে তিনি সকল সদস্যকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানান। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশনা ২০২০-২১ এর আলোকে ইনোভেশন কর্মপরিকল্পনা পুনর্গঠন করার বিষয়ে ইনোভেশন টিমের সদস্য জনাব মোঃ শরিফুল ইসলাম কর্মপরিকল্পনাটি পাওয়ার পরেই উপস্থাপন করেন। উপস্থাপিত কর্মপরিকল্পনাটি সকল সদস্যের মতামতের ভিত্তিতে পুনর্গঠন করা হয়। পুনর্গঠিত কর্মপরিকল্পনাটি কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রমসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার বিষয়ে টীম সদস্যদের তৎপর থাকার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।	২. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশনা ২০২০-২১ এর আলোকে ইনোভেশন কর্মপরিকল্পনা পুনর্গঠন করা হয়। পুনর্গঠিত কর্মপরিকল্পনাটি প্রাগম এ প্রেরণ এবং ডিপিই—এর ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়ন : জনাব মোসাম্মদ রোখসানা হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন)।
৩.	বিবিধ	৩. প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং মাঠ পর্যায় থেকে করোনাকালীন সময়ে শিশুদের পাঠদান সক্রিয় রাখার জন্য এবং পরিবেশ ও শিশু বান্ধব অন্যান্য বিষয়ে ইনোভেশন ধারণা সংগ্রহের জন্য সকল মেন্টরগণকে স্বস্তি বিভাগে যোগাযোগ করার বিষয়ে আলোচনা করা হয়।	৩. মেন্টরগণ স্বস্তি বিভাগের সংশ্লিষ্ট সকলের সাথে ইনোভেশন ধারণা সংগ্রহের জন্য মনিটরিং করবেন। বাস্তবায়ন : বিভাগীয় মেন্টর, ইনোভেশন টীম।

অতপর বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মিজানুর রহমান)  
পরিচালক (প্রশাসন)

১৯/০৭/২০২০


স্মারক নং- ৩৮.০১.০০০০.১০৭.০৫.০৪.২০২০-৮৬.

তারিখ:

২৯ শ্রাবণ, ১৪২৭  
২৬ আগস্ট ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে :-

- ১। চীফ ইনোভেশন অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক পিইডিপি ৪, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৩। পরিচালক (সকল) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৪। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, ঢাকা/ রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ চট্টগ্রাম/ময়মনসিংহ বিভাগ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)/পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল). . . . . জেলা।
- ৭। জনাব. . . . . ,মেন্টর/কো-মেন্টর সদস্য, ইনোভেশন টীম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৮। জনাব. . . . . , প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৯। মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অতিরিক্ত মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। অফিস কপি।

  
(মোঃ দেলোয়ার হোসেন)  
উপপরিচালক (সংস্থাপন)